বাংলাদেশ রেলওয়ের

অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম

BRASS++

ব্যবহারকারী সহায়িকা

Bangladesh Railway

ইনভেন্টরি কন্ট্রোল সেল

বাংলাদেশ রেলওয়ে

বাংলাদেশ রেলওয়ের

অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম

BRASS++

(সকল বিভাগের ডিডিও ও অধীন চূড়ান্তভোক্তাগণের জন্য প্রযোজ্য)

Bangladesh Railway

ইনভেন্টরি কন্ট্রোল সেল

বাংলাদেশ রেলওয়ে

BRASS++

প্রশিক্ষণ পরিকল্পনা

ইনভেন্টরি ব্যবস্থাপনার সকল ক্ষেত্রে অটোমেশন আনয়নের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে বাংলাদেশ রেলওয়েতে একটি আধুনিক স্মার্ট অনলাইন ইনভেন্টরি, প্রকিউরমেন্ট ও ডিসপোজাল ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যে একটি রোডম্যাপ প্রণীত হয়েছে। এর আওতায় ইতোমধ্যে সরঞ্জাম বিভাগের প্রায় সকল ডিপোর প্রধান প্রধান কার্যাবলী অনলাইনে সম্পাদনের উপযোগী করে Bangladesh Railway Automated Support System-I (BRASS-I) এবং Bangladesh Railway Automated Support System-II (BRASS-II) উন্নয়ন করা হয়েছে। সহসাই ডিপোসমূহ শুধুমাত্র অনলাইনে ইস্যু/রিসিপ্ট এবং মজুদীকরণ আবেদন দাখিল/হালনাগাদকরণ কার্যক্রম পরিচালনা করবে। এ লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে উভয় অঞ্চলে একটি করে অরিয়েন্টেশন সভা এবং চারটি পরিচালন বিভাগে চারটি প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হবে। এছাড়া প্রত্যেক ডিডিও/অফিসভিত্তিক ভার্চুয়াল/ফিজিক্যাল প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে যান্ত্রিক বিভাগ ও বৈদ্যুতিক বিভাগের অধিকাংশ ডিডিও এবং তাদের তৃণমূল ভোক্তা (End User) পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণের জন্য বাংলাদেশ রেলওয়ের সকল বিভাগ হতে যোগ্য কর্মকর্তা নির্বাচন করে একটি প্রশিক্ষক দল তৈরি করা হচ্ছে। জুন/২০২৪ এর মধ্যে প্রশিক্ষকগণের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষকগণ নিজ নিজ বিভাগের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচীতে অনলাইন ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম (BRASS++) এর ওপর প্রশিক্ষক হিসেবে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করবেন। সার্বিকভাবে নিম্নরুপ প্রশিক্ষণ পরিকল্পনা প্রণীত হয়েছেঃ

ক্রমিক নং	প্রশিক্ষণের বিবরণ	প্রশিক্ষণ ভেন্যু	সময়কাল	মন্তব্য
১	পলিসি লেভেল অবহিতকরণ সভা	মহাপরিচালকের কার্যালয় রেলভবন, ঢাকা	অর্ধ-দিবস	অনুষ্ঠিত হয়েছে
২	বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে বিভাগীয় প্রধান ও সদর দপ্তরের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে একটি করে অরিয়েন্টেশন সভা	মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) এর সভাকক্ষ চট্টগ্রাম/রাজশাহী	পূর্ণ-দিবস	অনুষ্ঠিত হয়েছে
৩	বাংলাদেশ রেলওয়ের সকল পরিচালন বিভাগে ডিডিও ও তাদের অধীন চূড়ান্ত ভোক্তাগণের জন্য দুই দিন ব্যাপী "Basic Training on BR Online Inventory Management and BRASS++" প্রশিক্ষণ কর্মসূচী	বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (লালমনিরহাট/পাকশী/ঢাকা/চট্টগ্রাম)	দুই দিন	চলমান রয়েছে
৪	নির্বচিত ডিডিও ও তাদের মনোনীত চূড়ান্ত ভোক্তাগণের জন্য দুই দিন ব্যাপী "Basic Training on BR Online Inventory Management and BRASS++" প্রশিক্ষণ কর্মসূচী	প্রশিক্ষণ কক্ষ ইনভেন্টরি কন্ট্রোল সেল সিআরবি, চট্টগ্রাম	দুই দিন	চলমান রয়েছে এবং ইতো মধ্যে যান্ত্রিক বিভাগ ও বৈদ্যুতিক বিভাগের অধিকাংশ ডিডিও ও চূড়ান্ত ভোক্তা পর্যায়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।
৫	প্রশিক্ষকগণের প্রশিক্ষণ (TOT) কর্মসূচী	প্রশিক্ষণ কক্ষ ইনভেন্টরি কন্ট্রোল সেল সিআরবি, চট্টগ্রাম	দুই দিন	মে, ২০২৪ এর মধ্যে অনুষ্ঠিত হবে।

BRASS++

Training Flyer

"Daylong Orientation Program on BR Online Inventory Management System"

Session	Day and Time	Session Topic		
Session-1	Day-1 11:00 – 11:15	Inventory, Procurement, and Disposal Management of BR		
	Day-1 11:15 – 11:30	Introduction to BR Online Inventory Management System and Roadmap to BRASS++		
	Day-1 11:30-11:35	Tea Break		
Session-2		**Stocking Management Module**		
	Day-1 11:35-12:00	**BR Item Management** ▪ New BR Item Allotment ▪ BR Item Details Update/Revision	**Stocking Application:** **(Global AC Management)** ▪ New Stocking Application, ▪ Revised Stocking Application, ▪ Stocking Sanction Order and Authorization to BRASS	
		Requisition and Issue Management Module		
	Day-1 12:00-12:30	**Online Requisition** ▪ Ordinary Requisition ▪ Imprest Requisition ▪ Special Requisition	**Online Issue** ▪ Ordinary Requisition ▪ Imprest Requisition ▪ Special Requisition	
		Stock Replenishment Module and Purchase Module		
	Day-1 12:30-12:40	**SR Generation**>Review>Approval ▪ PO Entry ▪ RN Entry ▪ RO Approval	**SMI/MTI/PI:** **Generation**>Review>Approval> ▪ Forwarding to PE/Workshop	
		Inventory Control Module		
	Day-1 12:40-13:00	**SR Operations** ▪ SR Analysis, ▪ SR Creation,	**VED Operations** ▪ VED Item Entry (VR1) ▪ VED Items Inventory and Procurement Position (VR2)	**Reports Operations** ▪ Inventory Report ▪ Purchase Report ▪ General Report
	Day-1 13:00-14:30	Prayer and Lunch Break		
Session-3		**User Registration and User Management Module**		
	Day-1 14:30-3:00	▪ Online Application	▪ User Review	▪ User Approval ▪ User Management
	Day-1 15:00 – 15:15	Q&A		
	Day-1 15:15	Closing.		

(Engr. Md. Anwarul Islam, *MCIPS*)
Director (Inventory Control)

BRASS++

Training Flyer

" Basic Training Program on BR Online Inventory Management System"

Duration: Two Days

Session	Day and Time	Session Topic	
Session-1	Day-1: 10:00 – 11:30	Basic Inventory, Procurement, and Disposal Management of BR	
	Day-1: 11:30 – 11:40	Tea Break	
	Day-1: 11:40-13:00	BR Online Inventory Management System and Roadmap to BRASS++	
	Day-1: 13:00-14:00	Prayer and Lunch Break	
Session-2		**Stocking Management Module**	
	Day-1: 14:00-15:00	**BR Item Allotment and Management** • New BR Item Allotment • BR Item Details Update/Revision	**Stocking Application (Global AC Management):** • New Stocking Application, • Revised Stocking Application, • Stocking Sanction and Authorization
	Day-1: 15:00 – 15:10	Tea Break	
		Requisition and Issue Management Module	
	Day-1:15:10-16:00	**Online Requisition** • Ordinary Requisition • Imprest Requisition • Special Requisition	**Online Issue** • Ordinary Requisition • Imprest Requisition • Special Requisition
Session-3		**Stock Replenishment Module**	
	Day-2: 10:00-11:30	**SR Generation>SR Review> SR Approval**	**SMI/MTI/PI: Generation>Review>Approval> Forwarding to PE/Workshop**
	Day-2: 11:30 – 11:40	Tea Break	
		Purchase Module	
	Day-2: 11:40-13:00	**PO Entry/Import** **RN Entry/Import**	**RO Approval** **Depot Transaction**
	Day-2 : 13:00-14:00	Prayer and Lunch Break	
Session-3		**Inventory Control Module and Reports Module**	
	Day-2 : 14:00-15:00	**Inventory Control** • DUES Management • SR Operations • VED Operations • Signal Operations • OS Certificate Operations	**Reports** • Stocking Management Report • Consumption Analysis Report • Inventory Control Report • Depot Report • Budgeting Reports • User Management reports
	Day-2 : 11:30 – 11:40	Tea Break	
		User Registration and User Management Module	
	Day-2: 14:00-15:00	**Online User Application** / **User Review** / **User Approval and Management**	
	Day-2: 15:00 – 15:15	Q&A	
	Day-2: 15:15	Closing.	

(Engr. Md. Anwarul Islam, *MCIPS*)
Director (Inventory Control)

প্রশিক্ষণকালীন করণীয়

১। ইনভেন্টরি ও প্রকিউরমেন্ট ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে সাধারণ ও চলনসই জ্ঞান অর্জনের জন্য শ্রেণিকক্ষে মনোযোগী থাকা ও সহকর্মীবৃন্দের প্রতি সহযোগী মনোভাব পোষণ করা।

২। প্রশিক্ষণ কক্ষে সিডিউল অনুযায়ী প্রতিটি অধিবেশনে উপস্থিতি নিশ্চিত করা।

৩। প্রশিক্ষণের প্রতিটি বিষয় প্রশিক্ষণ কর্মকর্তা/ সহায়ক কর্মকর্তার উপস্থিতিতে অনুশীলনের মাধ্যমে রপ্ত করা।

৪। নাম ও ফোন নং সঠিকভাবে উল্লেখ করা যাতে করে পরবর্তীতে যোগাযোগ করা সম্ভব হয়।

প্রশিক্ষণ পরবর্তী করণীয়

১। ইনভেন্টরি ব্যবস্থাপনা বা **BRASS**++ সংক্রান্ত **'২৪/৭ সহায়তা সেবা'** গ্রহণের জন্য নিম্নের WhatsApp গ্রুপে সংযুক্ত হতে হবেঃ

'BRASS-I DSD User Units' **-** ডিজেল স্টোরস ডিপো সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের জন্য
'BRASS-II GSD User Units' **-** জেনারেল স্টোরস ডিপো সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের জন্য

WhatsApp

২। ইনভেন্টরি ব্যবস্থাপনা বা **BRASS**++ সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল/প্রেজেন্টেশন দেখার জন্য You Tube চ্যানেল: Inventory Control Cell, Bangladesh Railway (URL: www.youtube.com/@icc-br) সাবসক্রাইবড করতে উৎসাহিত করা যাচ্ছে। চ্যানেলটিতে যুক্ত হতে পাশের কিউআর কোডটি স্ক্যান করুন।

৩। ইনভেন্টরি ব্যবস্থাপনার সাধারণ বিষয়সমূহ সম্পর্কে সঠিক ধারণা অর্জন। এজন্য এই সহায়িকার **পরিশিষ্ট-সি** হিসেবে সংযুক্ত ইনভেন্টরি ব্যবস্থাপনা ও প্রকিউরমেন্ট সংক্রান্ত নীতি নির্ধারণী আরপিও, আদেশ ও নির্দেশনামূলক পত্রসমূহ অনুধাবন করা।

৪। প্রশিক্ষণে লব্ধ জ্ঞান ও দক্ষতা অনুযায়ী প্রচলিত ইনভেন্টরি ব্যবস্থাপনা নীতিমালার আলোকে প্রযোজ্য সকল ক্ষেত্রে **BRASS**++ ব্যবহার করতে হবে।

৫। প্রশিক্ষণে লব্ধ জ্ঞান ও দক্ষতা অনুযায়ী অন্য কোন সহকর্মীকে **BRASS**++ ব্যবহারের সুবিধাসমূহ উল্লেখ করে **BRASS**++ ব্যবহার করতে উদ্বুদ্ধ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।

৬। ইনভেন্টরি ব্যবস্থাপনা বা **BRASS**++ ব্যবহারকালীন যে কোন পরামর্শ গ্রহণের জন্য/ সমস্যা সমাধানের জন্য প্রথমে নিজ অফিস প্রধান/ডিডিও এর সাথে যোগাযোগ করতে হবে তিনি সমাধান দিতে না পারলে প্রশিক্ষক/ফোকাল পারসন/আইসিসি হেল্প ডেস্ক কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে হবে।

৭। **BRASS**++ বা প্রশিক্ষণ ব্যবস্থাপনা সম্পর্কিত যে কোন পরামর্শ পরিশিষ্ট-ডি তে প্রদত্ত ছক মোতাবেক ই-মেইল (icc@railway.gov.bd) এর মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো।

ICC Bangladesh Railway

ডিডিও/অফিস প্রধানগণের প্রতি বিশেষ নির্দেশনা

১। প্রত্যেক ডিডিও ও তাদের অধীন তৃণমূল ভোক্তা (End User) আবশ্যিকভাবে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অনলাইনে বা পরিশিষ্ট-সি অনুযায়ী অফলাইনে Excel Sheet/ফরম পূরণ করে User Registration সম্পন্ন করবেন।

২। প্রত্যেক ডিডিও ও তাদের অধীন তৃণমূল ভোক্তাগণকে (End Users) আবশ্যিকভাবে সকল আইটেমের জন্য মজুদীকরণ মঞ্জুরী (AC/ Bi-monthly Imprest/ Emergent Quantity) BRASS++ -এর Global AC Management মডিউল ব্যবহার করে অনলাইনে হালনাগাদ করতে হবে।

৩। অনুচ্ছেদ ২ এর নির্দেশনা মোতাবেক অনলাইনে মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদকৃত আইটেমসমূহই সংশ্লিষ্ট ডিডিওর মজুদী আইটেম (Stock Item) হিসেবে বিবেচিত হবে। অনলাইনে মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদ করা হয়নি এমন সকল আইটেমের পূর্বের মজুদীকরণ মঞ্জুরী বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ডিডিওর অমজুদী আইটেম (Non-stock Item) হিসেবে বিবেচিত হবে

৪। অনলাইনে মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদ করার প্রাক্কালে ডিডিও এর রাজস্ব (পরিচালন) বাজেটর আওতায় বর্তমান চলতি এবং নিকট ভবিষ্যতের সাধারণ কার্যক্রম/ বিশেষ কার্যক্রম (হ্রাস/বৃদ্ধি) গভীরভাবে পর্যালোচনা/ বিবেচনাপূর্বক বার্ষিক চাহিদা/ ইম্প্রেস্ট চাহিদা নির্ধারণ করতে হবে। মনে রাখতে হবে যে, বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত 'মজুদীকরণ মঞ্জুরী' মালামাল ক্রয়/সংগ্রহ ও মজুদকরণের জন্য সরঞ্জাম বিভাগের নিকট প্রদত্ত 'স্থায়ী চাহিদাপত্র' হিসেবে বিবেচিত হয়।

৫। অনলাইনে মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদ করার পরও আরপিও ২৪৯ এর অনুচ্ছেদ ৬ এ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নিয়মিতভাব মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদকরণের কার্যক্রম একটি রুটিন দায়িত্ব হিসেবে ডিডিওগণ পরিপালন অব্যাহত রাখবেন।

৬। অনলাইনে মজুদীকরণ মঞ্জুরী হালনাগাদ করার জন্য নির্ধারিত সময়সীমা (৩০ মে, ২০২৪) উত্তীর্ণ হয়ে গেলে উক্ত আইটেমের জন্য সংশ্লিষ্ট ভোক্তার মজুদীকরণ মঞ্জুরী তথা AC/ Bi-monthly Imprest/ Emergent Quantity শূন্য বিবেচিত হবে এবং মজুদ শূন্য হয়ে গেলেও তাদের জন্য আর মজুদ পুনর্ভরণ করা হবে না। এ সকল মজুদশূন্যতা দায় সরঞ্জাম বিভাগের উপর বর্তাবে না।

৭। ডিডিওগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচীতে সরঞ্জাম ব্যবস্থাপনা ও BRASS++ এর ওপর প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে।

ICT Bangladesh Railway

BRASS++ ব্যবহার করুন
WWW.BRASS.GOV.BD
স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

ICC
Bangladesh Railway

উপক্রমণিকাঃ

বাংলাদেশ রেলওয়ের (সকল দপ্তর/কারখানা/ বিভাগসমূহ) মেরামত ও সংরক্ষণ, উৎপাদন ও দৈনন্দিন পরিচালন কাজে প্রয়োজনীয় ব্যবহার্য্য দ্রব্যাদি (কাঁচামাল, যন্ত্রাংশ, পরিচালন সামগ্রী) বার্ষিক/দ্বি-মাসিক মঞ্জুরীর বিপরীতে সরঞ্জাম বিভাগের মজুদী ডিপো হতে উত্তোলনপূর্বক ব্যবহার করে থাকেন। এ সংক্রান্ত সকল প্রক্রিয়া অনলাইনে সম্পাদনের উপযোগী করে উন্নয়ন করা হয়েছে । সরঞ্জাম ব্যবস্থাপনার সকল কর্মকান্ড এর আওতাভুক্ত করে বাংলাদেশ রেলওয়ের একটি আধুনিক স্মার্ট ইনভেন্টরি, প্রকিউরমেন্ট, সাপ্লাই ও ডিসপোজাল ব্যবস্থাপনা সিস্টেম বা Bangladesh Railway Automated Support System (**BRASS**$^{++}$) গড়ে তোলার লক্ষ্যে ক্রমাগত উন্নয়ন কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এরই মধ্যে Stocking Management, Requisition and Issue Management, Stock Replenishment Management পরিপূর্ণভাবে চালু ও পাইলটিং এর কৃতকার্যতার সাথে সম্পন্ন হয়েছে। সহসাই বাংলাদেশ রেলওয়ের সকল ডিডিও (১১৭টি) অর্থাৎ বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবহারকারী সকল অফিস/কারখানা ও অধীন চূড়ান্ন ভোক্তাগণ এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে এবং এরপর ক্রমান্বয়ে সকল ডিপোর সকল মজুদী/অমজুদী আইটেটেমর ইনভন্টরি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম (বিআর আইটেমে মঞ্জুরী, মজুদীকরণ মঞ্জুরী গ্রহণ/হালনাগাদকরণ ও মজুদী ডিপোতে মালামাল গ্রহণ/উত্তোলন, ফেরত প্রদানসহ সকল ডিপো ট্রানজেকশন) কেবলমাত্র অনলাইনে **BRASS**$^{++}$ (BRASS-I/ BRASS-II) এর মাধ্যমে অনলাইনে পরিচালনা করা হবে। এই কার্যক্রম রেলপথ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে মহোদয়ের নির্দেশনার (আরপিও) ভিত্তিতে সরঞ্জাম বিভাগের অনুকূলে প্রদত্ত অনুন্নয়ন (রাজস্ব) বাজেটের আওতায় ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর মাধ্যমে বছরভিত্তিক ক্রমাগত উন্নয়নের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে; কোন উন্নয়ন প্রকল্প নয়।

মাঠপর্যায়ের কর্মকর্তাগণসহ তাদের অধীন চুড়ান্ত ভোক্তাগণ (End Users) যাতে নিজে **BRASS**$^{++}$ ব্যবহার করে নিজ দপ্তর/কারখানার ইনভেন্টরি সংক্রান্ত সকল কাজ নিজেই অনলাইনে সম্পাদন করতে পারেন, এজন্য এ ব্যবহারকারী প্রশিক্ষণ সহায়িকাটি প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণ সহায়িকায় প্রতিটি মডিউলের অন্তর্গত প্রয়োজনীয় মডিউল/সাব-মডিউল/প্রসেসসমূহ ব্যবহার/পরিচালনার পদ্ধতি সচিত্র ব্যাখ্যা করা হয়েছে। উপরন্তু প্রতিটি প্রসেসের সাথে সম্পর্কিত সরঞ্জাম ব্যবস্থাপনার মৌলিক জ্ঞান লিপিবদ্ধ করা হয়েছে। পাশাপাশি প্রতিটি প্রসেসের ভিডিও টিউটোরিয়াল প্রস্তুত করে ইউটিউব চ্যানেলে আপলোড করা হয়েছে (www.youtube.com/**@icc-br**)। **BRASS**$^{++}$ সফলভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগের মনোনীত ফোকাল পারসন ও সরঞ্জাম বিভাগের মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল) এর নেতৃত্বে একটি কোরগ্রুপ গঠন করা হয়েছে। এই কোর গ্রুপ ও আইসিসি হেল্প ডেস্ক এর মাধ্যমে ২৪/৭ কারিগরি ও পরমর্শ সহায়তা সেবা পাওয়া যাবে।

মাঠপর্যায়ের ব্যবহারকারীগণ সরঞ্জাম ব্যবস্থাপনার মৌলিক জ্ঞান অর্জনের মাধ্যমে অনলাইনে সরঞ্জাম ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারেন, এজন্য বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) কর্তৃক এই ব্যবহারকারী প্রশিক্ষণ সহায়িকা, ভিডিও টিউটোরিয়াল প্রস্তুত করা হয়েছে। এগুলির সফল ব্যবহারের মাধ্যমে মাঠপর্যায়ের কর্মকর্তাগণ ও তাদের অধীন চূড়ান্ত ভোক্তাগণ অনলাইনে সরঞ্জাম ব্যবস্থাপনার মাধ্যমে স্মার্ট বাংলাদেশ রেলওয়ে তথা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখতে পারবেন। এর মাধ্যমেই বাংলাদেশ রেলওয়েতে ইনভেন্টরি ব্যবস্থাপনায় কাঙ্খিত স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে নিরবচ্ছিন্ন সরবরাহ নেটওয়ার্ক গড়ে উঠবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। । আর তখনই আমাদের এই প্রয়াশ ও পরিশ্রম সার্থক হবে।

ICC
Bangladesh Railway

সূচীপত্র

BRASS++

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নং
	প্রশিক্ষণ পরিকল্পনা	III
	প্রশিক্ষণ বিবরণী/সিলেবাস (Training Flyer)	IV
	প্রশিক্ষণ চলাকালীন করণীয়	VI
	প্রশিক্ষণ পরবর্তী করণীয়	VI
	ডিডিও/ অফিস প্রধানগণের প্রতি বিশেষ নির্দেশনা	VII
	উপক্রমণিকা	XI
অধ্যায়-১:	**বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনা**	**১৩-১৮**
১.১	পটভূমি	১৫
১.২	সরঞ্জাম বিভাগের সংগঠন	১৫
১.৩	কেন্দ্রীয় ইনভেন্টরি কন্ট্রোল সেলের সংগঠন	১৭
১.৪	বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনার ভিত্তি ও প্রকৃতি	১৭
১.৫	চাহিদা প্রদান হতে সরবরাহ পর্যন্ত প্রক্রিয়াসমূহের ফ্লো-চার্ট	১৮
অধ্যায়-২:	**বাংলাদেশ রেলওয়ের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম (BRASS++)**	**১৯-২৮**
২.১	BRASS++ কী?	২১
২.২	BRASS-I ও BRASS-II কী?	২২
২.৩	BRASS-I ও BRASS-II এর কার্যাবলী	২৩
২.৪	BRASS++ এর প্রায়োগিক দিকসমূহ	২৪
২.৫	BRASS-I/BRASS-II এর মডিউলসমূহের পরিচিতিঃ	২৫
২.৬	ব্যবস্থাপনার উন্নয়নে/সিদ্ধান্ত গ্রহণে BRASS-I এবং BRASS-II এর ভূমিকা	২৬
২.৭	লিডটাইম হ্রাস ও ক্যাপিটাল ব্লক হ্রাসকরণে BRASS++ এর ভূমিকা	২৬
২.৮	iBAS++ এর সাথে আন্তঃসংযোগঃ	২৬
২.৯	BRASS++ এর চলমান উন্নয়নসমূহ	২৭
২.১০	BRASS++ বাস্তবায়ন রোডম্যাপ ২০২৫	২৮
অধ্যায়-৩:	**BRASS++ এর ওয়েব লিঙ্ক ও লগইন পদ্ধতি**	**২৯-৩৬**
৩.১	BRASS-I এবং BRASS-II এর ওয়েব লিঙ্ক	৩২
৩.২	BRASS-I এর Login পেইজ	৩৪
৩.৩	BRASS-II এর Login পেইজ	৩৪
৩.৪	কীভাবে লগইন করতে হবে (How to login)	৩৫
অধ্যায়-৪:	**ব্যবহারকারী ব্যবস্থাপনা মডিউল (User Management Module)**	**৩৭-৫৪**
৪.১	ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ (User Signup Request)	৩৯
৪.২	ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ রিভিউ (User Signup Request Review)	৪০
৪.৩	ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ অনুমোদন (User Signup Request Approval)	৪২
৪.৪	ব্যবহারকারীর পাসওয়ার্ড পরিবর্তন/ উদ্ধারকরণ (Password Change/Recovery)	৪৫
৪.৫	ব্যবহারকারীর ভূমিকা ও অনুমতি ব্যবস্থাপনা (Role & Permission Management)	৪৬

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নং
অধ্যায়-৫:	**মজুদীকরণ ব্যবস্থাপনা মডিউল (**Stocking Management Module)	**৫৫-৭৪**
৫.১	নতুন বিআর আইটেম রবাদ্দের অনুরোধ (Request for New BR Item Allotment)	৫৬
৫.২	**মজুদীকরণ আবেদন দাখিল, মঞ্জুরী হালনাগাদকরণ বা মঞ্জুরী বাতিলকরণ অনুরোধ**	৬৩
৫.৩	AC/Imprest/Emergent Stores সম্পর্কিত মৌলিক ধারণা	৬৩
৫.৪	Global AC: Add End User AC ফরমটি পূরণের জন্য নির্দেশনা	৬৩
অধ্যায়-৬:	**চাহিদাপত্র ও ইস্যু ব্যবস্থাপনা মডিউল (**Requisition & Issue Management)	**৭৫-১১২**
৬.১	স্টক আইটেমের সাধারণ চাহিদাপত্র (Ordinary Requisition) দাখিল	৭৬
৬.২	স্টক আইটেমের বিশেষ চাহিদপত্র (Special Requisition) দাখিল	৮১
৬.৩	নন-স্টক আইটেমের বিশেষ চাহিদাপত্র (Special Requisition) দাখিল	৮৬
৬.৪	ইম্প্রেস্ট চাহিদাপত্র (Imprest Requisition) দাখিল	৯১
৬.৫	সাধারণ ও বিশেষ চাহিদাপত্রের বিপরীতে ইস্যুনোট (Issue Note) ও ডিপো ট্রানজেকশন	৯৫
৬.৬	'অনলাইনে ইস্যুনোটের বিপরীতে মালামাল প্রাপ্তিস্বীকারপত্র ও প্রতিস্বাক্ষরকরণ	৯৯
৬.৭	অনলাইন ইম্প্রেস্ট ইস্যুনোট ও মালামাল সরবরাহকরণ	১০৩
অধ্যায়-৭:	**মজুদ পুনর্ভরণ ব্যবস্থাপনা মডিউল (Stock Replenishment Module)**	**১১৩-১৩৪**
৭.১	SR Approval:	১১৪
৭.২	MTI/SMI/PI Approval	১২১
৭.৩	PI Vetting: (Under Development)	১২৮
৭.৪	MTI/SMI/PI ক্রয়কারী দপ্তরে/ কারখানায়/ মজুদী ডিপোতে প্রেরণ ও প্রিন্টিং	১২৮
৭.৫	SR Assessment and ROQ নির্ধারণ সংক্রান্ত মৌলিক জ্ঞান	১৩১
অধ্যায়-৮:	**পারচেইজ মডিউল (Purchase Module)**	**১৩৫-১৫২**
৮.১	PO Entry/Import	১৩৬
৮.২	R. Note Entry/ Import	১৪১
৮.৩	Receipt Order প্রক্রিয়াকরণ	১৪৪
৮.৪	Depot Transaction after RO Approval	১৪৮
অধ্যায়-৯:	**VED Management Module**	**১৫৩-১৫৮**
৯.১	VED সংক্রান্ত মৌলিক ধারণা	১৫৫
৯.২	VR-1:VED আইটেম এন্ট্রি	১৫৭
৯.৩	VR-2: ডিডিও VED আইটেমসমূহের ইনভেন্টরি ও প্রকিউরমেন্ট স্ট্যাটাস রিপোর্ট	১৫৫
অধ্যায়-১০:	**Report Module**	**১৫৯-১৬৪**
১০.১	BRASS-I Reports	১৫৯
১০.২	BRASS-II Reports	১৬০
১০.৩	অতীব প্রয়োজনীয় কতিপয় রিপোর্টের তালিকা	১৬১
অধ্যায়-১১:	**BRASS++** বাস্তবায়নে সার্বক্ষণিক সহায়তা সেবা	**১৬৫-১৭০**

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নং
১১.১	আইসিসি হেল্প ডেস্ক	১৬৫
১১.২	WhatsApp গ্রুপঃ	১৬৫
১১.৩	অনলাইন সাপোর্ট টিকেট সিস্টেম	১৬৬
১১.৪	অনলাইন ট্রেনিং এন্ড টিউটোরিয়ালস	১৬৭
১১.৫	বিভাগীয় ফোকাল পারসন/ রিসোর্স পারসন গ্রুপ সহযোগিতা	১৬৮
অধ্যায়-১২:	পরিশিষ্টসমূহ (Annexures)	১৭১-১৮৩
১২.১	পরিশিষ্ট-এ (Annexure-A): BRASS++ সংক্রান্ত ভিডিও টিউটোরিয়ালসমূহের কিউআর কোডঃ	১৭১
১২.২	পরিশিষ্ট-বি (Annexure-B): ইনভেন্টরি ব্যবস্থাপনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ লিঙ্ক ও তথ্য	১৭২
১২.৩	পরিশিষ্ট-সি (Annexure-C): আইসিসি-র সাথে পত্র যোগাযোগে ব্যবহার্য নমুনা ফরম/ছকসমূহ	১৭৩
	Form # ICC/BRASS/D-1: Suuport Service Request/ Suggestion to ICC	১৭৪
	Form # ICC/BRASS/D-2: DDO/Office Registration Request	১৭৫
	Form # ICC/BRASS/D-1: User Registration Request (Individual)	১৭৬
	Form # ICC/BRASS/D-1: User Registration Request (Group)	১৭৭
	Form # ICC/BRASS/D-1: User Transfer/Posting Entry/Update and Approval Requst to ICC	১৭৮
	Abbreviations	১৮৩

BRASS++ ব্যবহার করুন
WWW.BRASS.GOV.BD
স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

অধ্যায়-১:
বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনা

BRASS++ ব্যবহার করুন
WWW.BRASS.GOV.BD
স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

১. বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনাঃ

১.১. পটভূমিঃ

বাংলাদেশ রেলওয়ে একটি পরিবহন সেবা প্রদানকারী বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং একটি সরকারি অধিদপ্তর। বাংলাদেশ রেলওয়ের কাজের ধরণ ও পরিধি বিবেচনায় সুষ্ঠুভাবে রেলওয়ের সকল কার্যাবলী সুশৃঙ্খলভাবে পরিচালনার জন্য কোড ও ম্যানুয়াল অনুযায়ী বিভিন্ন বিভাগে বিভক্ত । **'বাংলাদেশ গভ. রেলওয়ে কোড ফর দি স্টোরস ডিপার্টমেন্ট'** এর মাধ্যমে বাংলাদেশ রেলওয়েতে সরঞ্জাম বিভাগ অন্যান্য সকল বিভাগ (যান্ত্রিক, বৈদ্যুতিক,সংকেত ও টেলিযোগাযোগ, প্রকৌশল, পরিবহন ও বাণিজ্যিক, নিরাপত্তা বিভাগ ইত্যাদি) এর কারখানায় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, দৈনন্দিন পরিচালন কাজের জন্য প্রয়োজন সকল প্রকার পণ্য (কাঁচামাল, খুচরা যন্ত্রাংশ, কম্পোনেন্ট, কনজ্যুমেবলস, লুবঅয়েল, স্টেশনারি, গ্যাস, জ্বালানী তেল, অফিস সরঞ্জাম, আসবাবপত্র, অন্যান্য মেশিন ও ক্যাপিটাল সরঞ্জাম ইত্যাদি) ক্রয়/সংগ্রহ, মজুদ ও বিতরণ কার্যক্রম দক্ষতা, সাশ্রয় এবং ক্ষিপ্রতার সাথে পরিচালনার জন্য বিশেষায়িত বিভাগ হিসেবে সরঞ্জাম বিভাগ মনোনীত ও দায়িত্ব প্রাপ্ত।

১.২. সরঞ্জাম বিভাগের সংগঠনঃ

বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরির আকার বৃহৎ এবং এর সরঞ্জাম ব্যবস্থাপনা সারা বাংলাদেশে বিস্তৃত। উল্লেখ্য যে, ১৯৪৭ সালে দেশ বিভাগের পর এদেশে রেলওয়ের নামকরণ হয় ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে। ইস্টার্ন বেঙ্গল রেলওয়ের সদর দপ্তর ছিল সিআরবি, চট্টগ্রাম। বাংলাদেশ স্বাধীনতা অর্জনের পরও বাংলাদেশ রেলওয়ে সিআরবি, চট্টগ্রাম হতে কেন্দ্রিয়ভাবে পরিচালিত হতো। সে সময় সরঞ্জাম বিভাগ বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপকের সরাসরি নিয়ন্ত্রণে একজন 'সরঞ্জাম নিয়ন্ত্রক' এর অধীনে বিভিন্ন ডিপো/দপ্তর এর মাধ্যেমে রেলওয়ের মালামালের চাহিদা নিরুপণ, ক্রয়/সংগ্রহ, পরিদর্শন, মজুদ ও বিতরণ কাজ সম্পাদন করা হতো। কিন্তু এতে চট্টগ্রাম হতে বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা করা কষ্টসাধ্য ছিল। এ অসুবিধা দূরীকরণের জন্য বাংলাদেশ রেলওয়ে কে দুটি অঞ্চল (পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল) এ বিভক্ত করা হয়। এরই ধারাবাহিকতায় সরঞ্জাম বিভাগের কার্য পরিধি বিবেচনায় সুষ্ঠু সরঞ্জাম ব্যবস্থাপনার স্বার্থে সরঞ্জাম ক্রয়/সংগ্রহ ও ব্যবস্থাপনার কাজ সম্পাদনের জন্য তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক (১৯/০৯/১৯৮২ তারিখে) সরকারি আদেশ জারী করার মাধ্যমে 'সরঞ্জাম নিয়ন্ত্রক' পদকে 'প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক' নামে পরিবর্তন করে উচ্চতর ক্ষমতাসম্পন্ন করা হয় এবং পদটিকে অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এর মাধ্যমে কেন্দ্রীয় প্রশাসন তথা মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের অধীনে ন্যস্ত করা হয়।

বাংলাদেশ রেলওয়ের দুই অঞ্চলে 'অতিরিক্ত প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়)' নামে দুটি পদ সৃজন করে মহাব্যবস্থাপকের অধীনে ন্যস্ত করে বাংলাদেশ রেলওয়ের স্ক্র্যাপ মালামাল বিক্রয়ের মাধ্যমে নিষ্পত্তি করার কাজ এবং রেলওয়ের পূর্ব ও পশ্চিমাঞ্চলের পরিচালন বিভাগসমূহের জন্য প্রয়োজনীয় এবং স্থানীয়ভাবে প্রাপ্তিযোগ্য মালামাল ক্রয়/সংগ্রহ করার জন্য দায়িত্ব অর্পণ করা হয়। পরবর্তীতে যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক (২৫/০৯/১৯৮৪ তারিখে) সরকারি আদেশ জারী করার মাধ্যমে এই 'অতিরিক্ত প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়)' পদ দুটির নাম পরিবর্তন করে সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এবং সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম) করা হয় এবং সংশ্লিষ্ট অঞ্চলের মহাব্যবস্থাপকের অধীনে ন্যস্ত করা হয়। বর্তমানে সরঞ্জাম বিভাগ এই তিনটি ইউনিট এর মাধ্যমে ক্রয়/সংগ্রহ ও স্ক্র্যাপ মালামাল বিক্রয়ের কাজ সম্পাদন করে আসছে। সরঞ্জাম বিভাগের তিনটি ইউনিটের [প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (সিসিএস), সরঞ্জাম নিয়ন্ত্রক (সিওএস)-পূর্ব ও সরঞ্জাম নিয়ন্ত্রক (সিওএস)- পশ্চিম)] কোন ইউনিট কোন কোন মালামাল ক্রয়/সংগ্রহ করবে তা মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সদয় অনুমোদনক্রমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক কর্তৃক সময়ে সময়ে রিভাইজড প্রসিডিউর অর্ডার (আরপিও) জারী করার মাধ্যমে নির্ধারণ করা হয়ে থাকে।

সরঞ্জাম বিভাগের সাংগঠনিক কাঠামো

(মহাপরিচালকের দপ্তর ও প্রশিক্ষণ একাডেমি ব্যতীত)



১.৩. কেন্দ্রীয় ইনভেন্টরি কন্ট্রোল সেলের সংগঠনঃ

সুষ্ঠু ইনভেন্টরি ব্যবস্থাপনার মাধ্যমে মূলধনী ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েতে ১৯৯১ সালে কেন্দ্রীয় মজুদ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা হয় এবং অতিরিক্ত প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (সার্বিক) পদটিকে নাম পরিবর্তন করে 'পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল)' নামকরণ করা হয় ও এর অধীনে ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) নামে একটি দপ্তর সৃষ্টি করা হয়। ১১/১১/২০২১ তারিখে জারীকৃত বাংলাদেশ রেলওয়ের জন্য ৪৭,৬৩৭টি জনবল মঞ্জুরীর সরকারি আদেশ জারী করা হয়। এর প্রেক্ষিতে বর্তমানে ৪ (চার)টি ডিজেল স্টোরস ডিপো ও পরিদর্শন এবং শিপিং দপ্তর আইসিসি এর প্রশাসনিক অধীনে ন্যস্ত করা হয়। এছাড়া ২ (দুই)টি জেনারেল ডিপো (সৈয়দপুর ও পাহাড়তলী) এবং ফরমস এন্ড স্টেশনারী (এফএন্ডএস) ডিপো, পাহাড়তলী এর মজুদ ব্যবস্থাপনার নীতি নির্ধারণী সংক্রান্ত কার্যাবলী আইসিসি এর ওপর বর্তায়। আইসিসি এর মুল লক্ষ্য প্রত্যেকটি মজুদী আইটেম সঠিক সময়ে, সঠিক পরিমাণে ক্রয়/সংগ্রহের পারচেজ ইন্ডেন্ট (পিআই) সংশ্লিষ্ট ক্রয় দপ্তরে প্রেরণ করা । তবে এই ইউনিট মজুদ পুনর্ভরণ চাহিদা (এসআর) প্রাপ্তির পর বাংলাদেশ রেলওয়ের সকল মজুদী ডিপোতে সংশ্লিষ্ট আইটেম বা বিকল্প হিসেবে ব্যবহারযোগ্য অন্য মজুদী আইটেমের মজুদ স্থিতি যাচাই করে এবং অন্য ডিপোতে পর্যাপ্ত মজুদ থাকলে ক্রয় না করে মেটেরিয়াল ট্রান্সফার ইন্সট্রাকশন (এমটিআই) জারীর মাধ্যমে চাহিদা পুরণের ব্যবস্থা করে। এছাড়া আইটেমটি ক্রয়যোগ্য নাকি রেলওয়ের নিজস্ব কারখানায় প্রস্তুতযোগ্য তাও যাচাই করে এবং প্রযোজ্য ক্ষেত্রে পারচেজ ইন্ডেন্ট (পিআই) এর পরিবর্তে সপ-মেইড ইন্ডেন্ট (এসএমআই) প্রদান করে। এছাড়া এই দপ্তর তথা ইনভেন্টরি কন্ট্রোল সেল ভোক্তা বিভাগ ও ক্রয়কারীর দপ্তরের সাথে সেতু বন্ধন হিসেবে কাজ করে থাকে।

১.৪. বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনার ভিত্তি ও প্রকৃতিঃ

১.৪.১. ইনভেন্টরি ব্যবস্থাপনার ভিত্তিঃ

১. মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি আদেশ/স্মারক
২. Bangladesh Railway General Code
৩. Bangladesh Railway Code for the Stores Department (স্টোরস কোড)
৪. Revised Procedure Order (আরপিও)

১.৪.২. ইনভেন্টরি ব্যবস্থাপনার প্রকৃতিঃ

১. বৃহদাকার (প্রায় ৩০ হাজার ধরণের ডিজেল যন্ত্রাংশ ও ১১ হাজার ধরণের অন্যান্য সাধারণ ডিপো সামগ্রী) ও বৈচিত্র্যময় ইনভেন্টরি
২. সাংগঠনিক কাঠামোঃ CLAN সদৃশ হাইব্রিড কাঠামো
৩. কেন্দ্রীয় মজুদ ব্যবস্থপনা নীতিমালার আলোকে বিকেন্দ্রীকৃত ও বিশেষায়িত বিভাগ দ্বারা পরিচালিত।

১.৫. চাহিদা প্রদান হতে সরবরাহ পর্যন্ত প্রক্রিয়াসমূহের ফ্লো-চার্টঃ



অধ্যায়-২:
বাংলাদেশ রেলওয়ের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম (BRASS++)

BRASS++ ব্যবহার করুন
WWW.BRASS.GOV.BD
স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

২. বাংলাদেশ রেলওয়ের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম (BRASS++)

২.১. BRASS++ কী?

২০২৫ সাল নাগাদ বাংলাদেশ রেলওয়েতে একটি আধুনিক স্মার্ট অনলাইন সরঞ্জাম ব্যবস্থাপনা সিস্টেম গড়ে তোলার পরিকল্পনা বা রোডম্যাপ প্রণীত হয়েছে। এই সিস্টেমটির নাম Bangladesh Railway Automated Support System (BRASS++) । এটি মূলত কয়েকটি সিস্টেমের একীভূতকরণের পর আন্তঃযোগাযোগে সক্ষম একটি অনলাইন ইনভেন্টরি, প্রকিউরমেন্ট ও সাপ্লাই এবং ডিসপোজাল ব্যবস্থাপনা সিস্টেম।



BRASS++ এর অংশ হিসেবে সরঞ্জাম বিভাগ ডিজেল আইটেমের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সফটওয়্যার BRASS-I এর ন্যায় নন-ডিজেল আইটেমের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সফটওয়্যার BRASS-II চালু করে । পর্যায়ক্রমে এর সাথে ক্রয় প্রক্রিয়াকরণ তথ্য এবং সরবরাহকারী তালিকাভুক্তি ও ব্যবস্থাপনা সিস্টেম (BRPSMS) ও স্ক্র্যাপ নিষ্পত্তিকরণ তথ্য ব্যবস্থাপনা সিস্টেম (BRSDMS) যুক্ত করবার পরিকল্পনা রয়েছে। অচিরেই সরকারের বাজেট ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক কেন্দ্রীয় সিস্টেম iBAS++ এর সাথে যুক্ত হবে।

২.২. BRASS-I এবং BRASS-II কী?

BRASS-I:

Bangladesh Railway Automated Support System-I (BRASS-I) একটি অনলাইন ওয়েব বেইজড ডাটা বেইজ এপ্লিকেশন সফটওয়্যার যা দিয়ে বাংলাদেশ রেলওয়ের ডিজেল যন্ত্রাংশের ইনভেন্টরি ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়। বর্তমানে এর ব্যবহারকারী দপ্তরের সংখ্যা প্রায় ২০টি।

BRASS-I এর ওযেবসাইট ঠিকানা: www.brass-online.net

BRASS-II:

Bangladesh Railway Automated Support System-II (BRASS-II) একটি অনলাইন ওয়েব বেইজড ডাটা বেইজ এপ্লিকেশন সফটওয়্যার যা দিয়ে বাংলাদেশ রেলওয়ের নন-ডিজেল যন্ত্রাংশের ইনভেন্টরি ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়। এর ব্যবহারকারী দপ্তরের সংখ্যা প্রায় ১১৭টি।

BRASS-II এর ওযেবসাইট ঠিকানা: www.brass.gov.bd

২.৩. BRASS-I ও BRASS-II এর কার্যাবলীঃ

BRASS-I ও BRASS-II সিস্টেমের মাধ্যমে বিয়্যাল টাইমে সম্পাদনযোগ্য কার্যাবলীঃ

১। **User Management**
- Online User Registration Request
- User Approval
- User Roles and Permission Management

২। **Online OTP based Stocking Management**

a. **BR Item Management**
   i. Online Request for New BR Item Allotment
   ii. Online New BR Item Approval and Sanction Order

b. **Global AC Management**
   i. Online Stocking Application
   ii. Online Stocking Application Revision/ Update
   iii. Online Stocking Cancellation
   iv. Online AC/Imprest/Emergent Sanction and Authorization to BRASS

৩। **Automated SR/PI/SMI/MTI Approval with OTP**
   i. Automated SR Generation
   ii. SR Approval
   iii. MTI/SMI/PI Generation and Approval
   iv. Automated SR/PI/SMI/MTI Forwarding to PE Office/ Depot/ Workshop.
   v. Inventory Policy and Recoupment formula Management.

৪। Inventory Control

a. SR Analysis

i. Yellow Items (PS <6 AMC2)
ii. Red Items (PS=0)
iii. Blue Items or Reorderable Items (PS+Dues <ReOPT)

b. VED Management

i. VED Item Entry/Update
ii. VED Item Inventory Procurement Status (VR2)

c. Dues Management

1. Dues View
2. Dues Closing
iii. VED Item Inventory Procurement Status (VR2)

d. Signal Operations

i. Red Signal
ii. Yellow Signal
iii. Violet Signal
iv. Amber Signal

e. OS Certificate Operations

i. Request Submission
ii. Approval and Issue

৫। Online Requisition and Issue Management

a. Online Requisition Submission (as per Stores code and RPO-249)

i. Ordinary Requisition
ii. Imprest Requisition
iii. Special Requisition
    1. Special Requisition for Stock Item
    2. Special Requisition for Non-stock Item
    3. Special Requisition for Non-stock & Non-Depot Item (under Development)

b. Issue Material with Automated Issue Note Creation and Approval.

i. Issue Note (Ordinary & Special)
ii. Imprest Issue Note
iii. Special Issue Not for Non-stock & Non-Depot Item (Under Development)

৬। Issue Pricing and Suspense adjustment (In process with iBAS^{++})

৭। Automated Depot Transaction Management

a. Issue

1. To Workshop (Ordinary Issue Note)
2. To other Consumer/Department (Ordinary Issue Note)
3. To Imprest holder (Imprest Issue Note)
4. To other depot (DTI)

b. Receive

1. From Inspection/Shipping (R. Note)
2. From Workshop/other Department (Advice Note)
3. From other Depot (DTI)
4. From Workshop against SMI/Work Order (Advice Note)

c. Adjustment

1. Stock Taking/ Stock Verification
2. Book Transfer (BTR)
3. Others
    - Suspense Stock Sheet
    - Adjustment stock Sheet
    - Others

২.৪. BRASS-I এবং BRASS-II এর প্রায়োগিক দিকসমূহ:

১। BRASS-I ডিজেল আইটেমসমুহের জন্য ইনভেন্টরি ব্যবস্থাপনায় এবং BRASS-II নন-ডিজেল আইটেমসমুহের জন্য ইনভেন্টরি ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়।

২। BRASS-I এবং BRASS-II এর মাধ্যমে প্রায় (৩০+১১)=৪১ (একচল্লিশ) হাজার আইটেমের ডিপো ভিত্তিক বর্তমান মজুদ স্থিতি, বিগত দিনের খরচের তথ্য, ইস্যু/রিসিভের তথ্য, মজুদপুনর্ভরণ প্রক্রিয়াকরণ ও রিয়্যালটাইম তথ্য এন্ট্রিসহ প্রয়োজনীয় প্রায় সকল তথ্য যে কোন অনুমোদিত ব্যবহারকারী নিমিশেই দেখতে পায়। ফলে নির্বাহী কর্মকর্তাগণের এ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ সহজ হয়।

৩। নতুন আইটেমের (ক) স্টকিং আবেদন ও মঞ্জুরী প্রদান, (খ) স্টকিং আবেদন হালনাগাদকরণ, (গ) স্টকিং বাতিলকরণ আবেদন ও বাতিল আদেশ জারী ইত্যাদি স্টকিং ব্যবস্থাপনা মডিউলের মাধ্যমে অনলাইনে রিয়্যালটাইম প্রক্রিয়াকরণ ও সম্পদান করা যাচ্ছে কোন প্রকার পেপার/লেটার আদান প্রদান ছাড়াই।

৪। ডিপো মালামালের চাহিদাপ্রদান অনলাইনে সম্পাদন এবং সিস্টেমে সরাসরি ইস্যুকরে অনলাইনে ইস্যুনোট প্রস্তুতকরণ

৫। নতুন মালামাল গ্রহণের সাথে সাথে গড় ইস্যু প্রাইস নির্ধারণ ।

৬। ভোক্তার অনলাইন চাহিদাপত্রের বিপরীতে মালামাল ইস্যুকরণ ও অটোমেটেড ইস্যু নোট তৈরী ও ভোক্তা বিভাগের সংশ্লিষ্ট ব্যয় খাতের অনুকুলে ডেবিট উত্থাপন।

৭। আইবাস++ সিস্টেমের সাথে ইন্টিগ্রেশনের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে এবং ইস্যুনোট জারীর সাথে সাথে সাসপেন্স সমন্বয়করণ।

২.৫. BRASS-I/BRASS-II এর মডিউলসমূহের পরিচিতিঃ

SN	Name of Modules	Functions
1.	User Management	(i) User Approval (ii) User Management
2.	Stocking Management	(i) New BR Item Request/Approval (ii) BR Item Edit/Update Request/Approval (iii) Global AC management ✓ AC Sanction ✓ AC Update ✓ AC Cancellation
3.	Requisition and Issue Management	(i) Ordinary Requisition for Stock Item (ii) Special Requisition for Stock Item (iii) Special Requisition for Non-Stock Item (iv) Imprest Requisition for Stock Item (v) Special Requisition for Non-stock Non-Depot Item
4.	SR/Indent Approval	(i) Auto SR Generate (i) SR Update/Review/Approval U (ii) MTI/SMI/PI Generation (iii) MTI/SMI/PI Update/Review/Approval (iv) MTI/SMI/PI forwarding to PE Office /Workshops
5.	Purchase Module	(i) Receive Purchase P.Case Entry>PO Posting>RNote Posting>RO Entry and Approval (ii) Update Purchase Indent Note: Letter from PE and Manual approval of DIC are required.
6.	Inventory Control	(i) Manual Entries ✓ BR Item Add/Edit ✓ Stocking Application Summary Update ✓ Global AC ✓ VED Module ✓ SR Operations ✓ OS Certificate Operations ✓ Dues Management
7.	Rules Modification Module	(i) Inventory Rules Entry and update as per RPO
8.	Reports	(i) Stocking Management: SM-1,SM-1.1,SM-2, SM-2.1, SM-2.2, SM-9.1,SM-9.2, SM-9.3 (ii) General Inventory Reports: GIR-8, GIR-8.1 (iii) Depot Reports: DR-1, DR-11 (iv) Consumer's Reports: CR-1,CR-1.1,CR-6. CR-6.1, VR-1, VR-2, CR-7 (v) ICC Reports: ICCR-1 to ICCR-16 (vi) Purchase Reports: PL-1, PL-2 (vii) Budgetary Reports: (viii) Master Reports: MR-1, MR-2, MR-3 (ix) Others: many more

২.৬. ব্যবস্থাপনার উন্নয়নে/সিদ্ধান্ত গ্রহণে BRASS-I এবং BRASS-II এর ভূমিকা:

১। ২৪/৭ তথ্য প্রাপ্তির সুবিধা ও চলতি পথেও তাৎক্ষণিকভাবে তথ্য প্রাপ্তির সুবিধা।

২। রিয়্যাল টাইমে ট্রানজেকশন ডাটা এন্ট্রি হয় ফলে মাঠ পর্যায়ের প্রকৃত চিত্র সিস্টেমে ডাটার মাধ্যমে পাওয়া যায়।

৩। সঠিক তথ্যের ভিত্তিতে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ সহজতর হবে।

৪। ভোক্তাবিভাগ কর্তৃক অনলাইনে চাহিদাপ্রদান ও এর বিপরীতে মালামাল ইস্যুকরণ তথ্য প্রাপ্তির সুবিধা এবং যে কোন আইটেমের বর্তমান ক্রয়াবস্থা অবহিত হওয়া।

৫। ভোক্তাবিভাগ কর্তৃক অনলাইনে চাহিদাপ্রদান ও এর বিপরীতে মালামাল ইস্যুকরণ তথ্য প্রাপ্তির সুবিধা এবং যে কোন আইটেমের বর্তমান ক্রয়াবস্থা অবহিত হওয়া।

২.৭. লিডটাইম হ্রাস ও ক্যাপিটাল ব্লক হ্রাসকরণে BRASS++ এর ভূমিকাঃ

১। সকল ট্রানজেকশনে প্রয়োজনীয় সময় সাশ্রয়। উদাহরণ হিসেবে উল্লেখ্য যে, ডিসিওএস-পাহাড়তলী হতে নথিবিহীন ওটিপি ভিত্তিক অটোমেটেড মজুদ পুনর্ভরণ চাহিদা (এসআর) অনুমোদন করার পর তা তাৎক্ষণিকভাবে চট্টগ্রামে অবস্থিত আইসিসি-তে পাওয়া যাচ্ছে এবং তা একইভাবে নথিবিহীন ওটিপি ভিত্তিক অটোমেটেড প্রতিপাদনের পর পারেচেজ ইন্ডেন্ট (পিআই) তাৎক্ষণিকভাবে রাজশাহীতে অবস্থিত ক্রয় দপ্তর (সিওএস-পশ্চিম) এ প্রেরণ করা সম্ভব হচ্ছে। এতে ক্রয় ক্রয়ের লিড টাইম প্রায় দুই মাস হ্রাস করা সম্ভব হয়েছে।

২। মালামাল প্রাপ্তিতে কম সময় লাগবে এবং ক্যাপিটাল ব্লক হ্রাস পাবে।

৩। মালামাল মজুদীকরণ ব্যবস্থাপনা (Stocking Management) এর মাধ্যমে অনলাইনে বিআর আইটেম নং বরাদ্দ ও ডিপোর মজুদী পরিমাণ অনলাইনে দাখিল/হালনাগাদ/বাতিল করার সুযোগ সৃষ্টি হওয়ায় ডিপোর মজুদী আইটেমের মঞ্জুরী সহজেই হালনাগাদ করা সম্ভব হচ্ছে। এতে অপ্রয়োজনীয় চাহিদা উৎপন্ন হওয়ার আশংকা হ্রাস পেয়েছে।

৪। ইনভেন্টরি ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধির সাথে সাথে স্বচ্ছতাও বৃদ্ধি পেয়েছে এবং জবাদিহিতা নিশ্চিতকরণে উল্লেখযোগ্য BRASS-I এবং BRASS-II অবদান রাখছে।

২.৮. iBAS++ এর সাথে আন্তঃসংযোগঃ

১। BRASS-I এবং BRASS-II এর সাথে iBAS++ এর সংযোগ স্থাপনের মাধ্যমে অটোমেটেড ইস্যু প্রাইসিং এবং সাসপেন্স অ্যাডজাস্টমেন্ট কার্যক্রম শুরু হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এটি বাস্তবায়িত হলে সাসপেন্স ব্যালেন্স বৃদ্ধি পাওয়া সংক্রান্ত দীর্ঘদিনের সমস্যা নিরসন সম্ভব হবে।

২। iBAS++ কর্তৃক পর্যায়ক্রমে 'স্টোরস একাউন্টস' এর সকল অপারেশনস অটোমেশন করা হবে।

২.৯. BRASS++ এর চলমান উন্নয়নসমূহ:

System/Sub-system	Module	Sub-module/Process
BRASS-I/BRASS-II	**Signal Operation**	(1) Yellow Signal (2) Red Signal (3) Green Signal (4) Violet Signal (5) Amber Signal (6) Blue Signal
	OS Certificate Operation	(7) OS certificate Request (8) OS Certificate Approval (9) OS Certificate Forward
	User Management	(10) DDO/Office Admin (11) Designation wise Role Setup (12) User History (13) Employee Transfer (14) Additional Charge Assignment
	Inventory Control	(15) Depot Transaction (Upgradation) (16) MTI/DTI operations (17) Demand Vetting for PI/SMI
	BRSDMS (Module)	(18) System Administration (19) Depot Operations **(20)** Disposal Entity Operation
BRPSMS	**BRPIMS**	(21) P. Case (22) Tender Management (23) PO and Contract Management
	BRSMS	(24) Supplier Enlistment Management (25) Supplier Management
BRSIMS (Sub-system)	**Inspection Module**	(26) PO Entry/Import (27) Inspection Operations (28) RN Operations
	Shipping Module	(29) PO Entry/Import (30) L/C Operations (31) Customs and Port Clearing Operations (32) Inspection Operations (33) RN Operations

২.১০. BRASS++ বাস্তবায়ন রোডম্যাপ ২০২৫

BRASS-I এবং BRASS-II এর ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণে নিম্নরূপ পরিকল্পনা ও রোড ম্যাপ প্রণয়ন করা হয়েছে:

- প্রতিটি ইনভেন্টরি আইটেমের ড্রয়িং/ বিস্তারিত নকশা ও ত্রিমাত্রিক ফটোগ্রাফ সংযুক্তকরণ।
- বারকোড/ কিউআর কোডের মাধ্যমে মালামাল গ্রহণ/ডেলিভারী এন্ট্রি
- বারকোড/ কিউআর কোডের মাধ্যমে মালামাল গ্রহণ/ডেলিভারী ডকুমেন্ট এন্ট্রি
- কেলোকায় একটি দূর্যোগ রিকভারি ডাটা সেন্টার (Disaster Recovery Data Center)
- ডিপো/আইসিসি/ভোক্তা/ক্রয় /কারখানা/শিপিং ও পরিদর্শন/ হিসাব ইত্যাদি মডিউলের সার্থক ইন্টিগ্রেশনের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে একটি **"অত্যাধুনিক (State of the Art) ইনভেন্টরি, প্রকেউরমেন্ট এন্ড সাপ্লাই সিস্টেম (BRASS++)"** গড়ে তোলা।

অধ্যায়-৩:

বাংলাদেশ রেলওয়ের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম ব্যবহারকারী প্রশিক্ষণ সহায়িকা

BRASS++ ব্যবহার করুন
WWW.BRASS.GOV.BD
স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

৩. বাংলাদেশ রেলওয়ের অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেমঃ

যে কোন ওয়েব ব্রাউজারে www.brass.gov.bd টাইপ করে ব্রাউজ করলে **BRASS**++ এর একত্রীভূত (ইন্টিগ্রেটেড) ল্যান্ডিং পেইজটি উন্মুক্ত হবে।



BRASS-II : Bangladesh Railway Automated Support System-II

BRPIMS-I : Bangladesh Railway Procurement Information Management System-I

BRPPnSMS : Bangladesh Railway Procurement Processing and Supplier Management System

BRSnIPMS : Bangladesh Railway Shipping and Inspection Process Management Sub-System

BRSDMS : Bangladesh Railway Surplus and Scrap Disposal Management System

এরপর কাঙ্খিত সিস্টেম বা সাব-সিস্টেমের আইকনটিতে ক্লিক করলে সংশ্লিষ্ট সিস্টেম বা সাব-সিস্টেমের লগ ইন পেইজেটি উন্মুক্ত হবে। এছাড়া অনুচ্ছেদ ২.১ এ প্রদর্শিত পদ্ধতি অনুসরণ করেও কাঙ্খিত সিস্টেম বা সাব-সিস্টেমের লগ ইন পেইজে প্রবেশ করা যাবে।

এই সিস্টেমে কেবলমাত্র অনুমোদিত ব্যবহারকারীগণই তাদের জন্য অনুমোদিত সিস্টেম/সাব-সিস্টেম, মডিউল/সাব-মডিউল ও প্রসেস/সাব-প্রসেস ব্যবহার করতে পারবেন।

৩.১. BRASS-I এবং BRASS-II এর ওয়েব লিঙ্কঃ

পদ্ধতি-১: বাংলাদেশ রেলওয়ের অফিসিয়াল ওয়েবসাইট www.railway.gov.bd এ প্রবেশ করে এর আওতায় অভ্যন্তরীণ ই-সেবা তালিকাভুক্ত **অটোমেটেড ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেমস** ট্যাবে ক্লিক করলে নিম্নরূপ পেইজ পাওয়া যাবে। এরপর সংশ্লিষ্ট **BRASS** লিঙ্ক ক্লিক করতে হবে।



পদ্ধতি-২: যে কোন ওয়েব ব্রাউজারে সংশ্লিষ্ট সিস্টেমের ওয়েব এড্রেস/লিঙ্ক টাইপ করে ব্রাউজ করলে উক্ত সিস্টেমের নিম্নরূপ ল্যান্ডিং পেইজটি উন্মুক্ত হবে।

BRASS-I এর ওয়েব এড্রেস/লিঙ্ক: **www.brass-online.net** এবং ল্যান্ডিং পেইজিটি নিম্নরূপঃ



BRASS-II এর ওয়েব এড্রেস/লিঙ্ক: www.brass.gov.bd এবং ল্যান্ডিং পেইজিটি নিম্নরূপঃ



BRASS-I/BRASS-II এর ল্যান্ডিং পেইজটির Click Here to Login বাটনে ক্লিক করে Login পেইজে যেতে হবে।

৩.২. BRASS-I এর Login পেইজঃ



৩.৩. BRASS-I এর BRASS-I এর Login পেইজঃ



৩.৪. কীভাবে লগইন করতে হবে (How to login)

User ID এবং **Password** ব্যবহার করে **BRASS-I/BRASS-II** এর **Home** পেইজে প্রবেশ করতে হবে।

(১) চিহ্নিত স্থানে সংশ্লিষ্ট ব্যবহারকারী নিবন্ধিত মোবাইলের মাধ্যমে প্রাপ্ত **USER ID** টাইপ করতে হবে।

(২) চিহ্নিত স্থানে এখানে সংশ্লিষ্ট ব্যবহারকারী কর্তৃক সৃষ্ট **Password** টাইপ করতে হবে।

এরপর **Login** বাটনে ক্লিক করলে ব্যবহারকারীর জন্য অনুমোদিত **Functional Area Permission** সম্বলিত **BRASS** এর হোম পেইজ প্রদর্শিত হবে।

অধ্যায়-৪:
ব্যবহারকারী ব্যবস্থাপনা মডিউল



BRASS++ ব্যবহার করুন

WWW.BRASS.GOV.BD

স্মার্ট রেলওয়ে বিনির্মাণে অবদান রাখুন।

৪. ব্যবহারকারী ব্যবস্থাপনা মডিউল (User Management Module)

এই মডিউলের মাধ্যমে User Approval, User Role and Permission Management এর কাজ সম্পাদন করা যায়।

User Approval ৩ (তিন) ধাপে সম্পন্ন করা হয়ঃ

1. User Signup Request
2. User Review
3. User Approval



(১) চিহ্নিত স্থানে User Signup Request to ICC বাটনে ক্লিক করতে হবে এবং নিম্নের Part-1: User Profile পূরণ করতে হবে।

৪.১. ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ (User Signup Request)



উপরের **User Sign-up Request** এর **Part-1** নিম্নে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক পূরণ করে (2) চিহ্নিত **Transmit to to ICC for User Sigup Approval** বাটনে ক্লিক করতে হবে এবং নিজ অফিস প্রধান/ ডিডিও এর সাথে যোগাযোগ করে ইউজার রিভিউ করার জন্য অনুরোধ করতে হবে।

Part-1 পূরণের জন্য প্রযোজ্য নির্দেশনাঃ

Full Name	:	অফিস রেকর্ড/ NID অনুযায়ী।
Designation	:	তালিকা হতে নির্বাচন করুন। তালিকায় না পাওয়া গেলে Designation Not found নির্বাচন করে উপরে নামের পাশে সঠিক Designation লিখতে হবে ।
Mobile No.	:	এখানে অফিসিয়াল অথবা iBAS++ এ ব্যবহৃত মোবাইল নং লিখতে হবে। এই নম্বরে BRASS হতে SMS ও OTP প্রেরিত হবে।
e-Mail Address	:	অফিসিয়াল অথবা ব্যক্তিগত ই-মেইল আইডি ব্যবহার করা যাবে।
Name of Office	:	অফিসের নাম টাইপ করে লিখতে হবে/ নির্বাচন করতে হবে।
Depot	:	যে মজুদী ডিপোর সাথে কাজ তা তালিকা হতে নির্বাচন করতে হবে।
NID	:	ব্যবহারকারীর জাতীয় পরিচয় নং সঠিকভাবে টাইপ করতে হবে।
***চিহ্নিত তথ্য আবশ্যিকভাবে পূরণীয়।**		

৪.২. ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ রিভিউ (User Signup Request Review)

✓ Home পেইজের User Management আইকনে ক্লিক করে User Management পেইজে প্রবেশ করতে হবে।



✓ User Management পেইজের User Approval আইকনে ক্লিক করে প্রবেশ করতে হবে।



✓ User Approval আইকনে ক্লিক করলে নিচের New User Request Process Flow প্রদর্শিত হবে।



✓ উপরের **Pending User Registration Request** ট্যাব এ ক্লিক করলে ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ অনুমোদনাধীন রয়েছে এমন আবেদনকারীর তালিকা প্রদর্শিত হবে।

✓ তালিকা হতে আবেদনকারীর পদবি ও অফিসের নাম দেখে রিভিউয়ের জন্য নামের বাম পাশে চিহ্নিত (৪) Select বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করলে আবেদনটি রিভিউয়ের জন্য নিম্নরূপ প্রদর্শিত হবে।



✓ **Reviewer** হিসেবে অফিস প্রধান/ডিডিও/ অনুমোদিত অন্য যে কোন কর্মকর্তা উপরের User Request Approval ফরমটির Part-1 এর তথ্য পরীক্ষা করে সঠিকতা নিশ্চিত করে নিম্নরুপে চিহ্নিত Part-2 পূরণ (৫) করবেন।

- **Part-2 পুরণ**

User ID : পদবি কোড, নির্দেশিত স্পেশাল ক্যারেক্টার বিহীন হতে হবে।
(উদাহরণ: SSAE-IC-MR-CLW);

*Remarks : মন্তব্য (Part-1 এর তথ্য সঠিক রয়েছে। অনুমোদনের অনুরোধ);

Role Definition: তালিকা হতে নির্বাচন করবেন (উদাহরণ: End User/ DDO)

- **Part-3: Required Module and Functional Areas:**

Reviewer এর জন্য Part-3 পূরণ করা বাধ্যতামূলক নয় (Optional)।

১. **Reviewer** হিসেবে অফিস প্রধান/ডিডিও/ অনুমোদিত অন্য যে কোন কর্মকর্তা প্রস্তাবিত ব্যবহারকারীর জন্য Roles and Permission নির্ধারণের জন্য চিহ্নিত Part-3: (৬) Required Module and Functional Areas ফরমটির ১৪টি Functional Area হতে কেবলমাত্র প্রযোজ্য Functional Area-এর প্রয়োজনীয় Permission-টির পাশে ক্লিক করে টিক (✓) চিহ্নযুক্ত করবেন।

২. এরপর **Reviewer** (৭) চিহ্নিত Save and Forward for Approval বাটনে ক্লিক করবেন। সঠিকভাবে দাখিল হলে সিস্টেমে একটি Successfully Submitted to ICC বার্তা প্রদর্শন করবে।

User ID সংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য তথ্যঃ

১. একজন ব্যক্তি একাধিক দায়িত্বে নিয়োজিত থাকলে প্রত্যেক দায়িত্বের জন্য পদবীর ভিত্তিতে পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে। এক্ষেত্রে একই মোবাইল নং/ই-মেইল/এনআইডি ব্যবহারে কোন বাধা থাকবে না। তবে প্রত্যেক পদের জন্য পৃথক পৃথক User ID প্রদান করা হবে এবং কোন ব্যবহারকারী যে পদের দায়িত্ব পালন করবেন সেই পদের User ID ব্যবহার করে Login করতে হবে।

২. User ID পদের বিপরীতে প্রদান করা হয়ে থাকে এবং এটি প্রত্যেকটি পদের জন্য ইউনিক। DDO কর্তৃক রিভিউ এর পর ICC কর্তৃক অনুমোদিত হলে আবেদনকারীর মোবাইল ফোনে User ID এসএমএস প্রেরিত হবে। ডিফল্ট পাসওয়ার্ড 12345678

৩. **Change/Forgot Passward** ক্লিক করে পাসওয়ার্ড রিসেট করা যাবে/করতে হবে।

৪. বিস্তারিত জানার জন্য www.youtube.com/**@icc-br** এর ভিডিও টিউটোরিয়াল দেখার পরামর্শ প্রদান করা হলো।

৫. Tutorial 1.1 User Signup Request দেখতে https://youtu.be/zARgKiYxdCk লিঙ্কে প্রবেশ করুন অথবা QR Code টি স্ক্যান করুনঃ

৪.৩. ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ অনুমোদন (User Signup Request Approval)

১. Home পেইজের User Management আইকনে ক্লিক করে User Management পেইজে প্রবেশ করতে হবে।



২. User Management পেইজের User Approval আইকনে ক্লিক করে প্রবেশ করতে হবে।



৩. User Approval আইকনে ক্লিক করলে নিচের New User Request Process Flow প্রদর্শিত হবে।



৪. Pending User Registration Request for Approval ট্যাবে ক্লিক করলে ব্যবহারকারী নিবন্ধনের অনুরোধ রিভিউয়ের পর অনুমোদনাধীন রয়েছে এমন আবেদনকারীর তালিকা প্রদর্শিত হবে।

৫. তালিকা হতে আবেদনকারীর পদবি ও অফিসের নাম দেখে রিভিউয়ের জন্য নামের বাম পাশে চিহ্নিত (৫) Select বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করলে আবেদনটি অনুমোদনের জন্য নিম্নরূপ প্রদর্শিত হবে।



৬. **Approver** হিসেবে আইসিসির মনোনীত কর্মকর্তা উপরের User Request Approval ফরমটির Part-1 এর তথ্য পরীক্ষা করে সঠিকতা নিশ্চিত করে চিহ্নিত (৬) Part-2 পুরণ করা হয়েছে কিনা পরীক্ষা করবেন এবং প্রয়োজনে Reviewer এর জন্য প্রদত্ত নির্দেশনা মোতাবেক সংশোধন করবেন।

Part-3: Required Module and Functional Areas:

Approver এর জন্য Part-3 পূরণ করা বাধ্যতামূলক (Mandatory)।

১. **Approver** প্রস্তাবিত ব্যবহারকারীর জন্য Roles and Permission নির্ধারণের জন্য চিহ্নিত Part-3: Required Module (৭) and Functional Areas ফরমটির ১৪টি Functional Area হতে কেবলমাত্র প্রযোজ্য Functional Area-এর প্রয়োজনীয় Permission-টির পাশে ক্লিক করে টিক (✓) চিহ্নযুক্ত করবেন।

২. এরপর **Approver** চিহ্নিত Create User (৮) with Selected Permission বাটনে ক্লিক করবেন। সঠিকভাবে দাখিল হলে সিস্টেমে একটি Successfully Submitted বার্তা প্রদর্শন করবে এবং আবেদনকারী User ID সম্বলিত একটি এসএমএস প্রাপ্ত হবে।

৪.৪. ব্যবহারকারীর পাসওয়ার্ড পরিবর্তন/ উদ্ধারকরণঃ



১. Login পেইজের (১) চিহ্নিত Change/Forgot Passward বাটনে ক্লিক করলে নিম্নের Change Password পেইজটি প্রদর্শিত হবে।



২. Change Password পেইজের (২) চিহ্নিত অংশে সঠিকভাবে User ID টাইপ করে Send OTP বাটনে ক্লিক করলে ব্যবহারকারীর নিবন্ধিত মোবাইলে একটি OTP প্রেরিত হবে। প্রাপ্ত OTP, New Password, Confirm New Password টাইপ করে Change Password বাটনে ক্লিক করলে একটি নিশ্চিতকরণ নোটিফিকেশন পাওয়া যাবে।

৩. এবার **Go to Login Page** বাটনে ক্লিক করলে **Login** পেইজটি প্রদর্শিত হবে। সেখানে User ID এবং নতুন সেট করা পাসওয়ার্ড টাইপ করে Login করা যাবে/করতে হবে।

৪.৫. ব্যবহারকারীর ভূমিকা ও অনুমতি ব্যবস্থাপনা (User Role & Permission Management)

১. ব্যবহারকারী ব্যবস্থাপনার জন্য নিম্নের পথ অনুসরণ করে **User Information/Profile** এর প্রবেশ করতে হবে।

Home>User Management>User Management (Role & Permission)



২. **User Management Approver** প্রস্তাবিত ব্যবহারকারীর তথ্য ও Roles and Permission নির্ধারণ/ পুনঃনির্ধারণ/ হালনাগাদ করতে পারবেন।



৩. **User Management** পেইজের করে **User Management: Role and Permission** আইকনে ক্লিক করে User Profile and Permission Management পেইজটিতে প্রবেশ করতে পরবেন।



৪. এরপর (১) চিহ্নিত Select বাটনে ক্লিক করলে নিম্নের পেইজটি প্রদর্শিত হবে।

৪.১. এতে তিনটি অংশ রয়েছেঃ

Part-1: User Information/ Profile:



নোট:

১. পদবির বিপরীতে User ID অপরির্তনীয়। বদলি/পদায়নের কারণে ডিডিও/ অফিস প্রধানকে আইসিসিতে User Name and Personal Detail পরিবর্তনের প্রস্তাব অফলাইনে প্রেরণ করতে হবে।

২. অনলাইনে এই কাজটি সম্পাদনের জন্য সিস্টেম উন্নয়নের কাজ চলমান রয়েছে (Under Development)। এটি উন্নয়ন সম্পন্ন হলে প্রতিটি অফিসের একজন (ডিডিও/অফিস প্রধান/মনোনীত কর্মকর্তা) DDO Admin হিসেবে মনোনীত ও অনুমোদিত থাকবে। DDO Admin অনলাইনে তথ্য সন্নিবেশ করে ডকুমেন্ট আপলোডপূর্বক অনলাইনে User Management (Profile, Role & Permission) প্রস্তাব আইসিসিতে প্রেরণ করতে পারবে।

৩. অনলাইনে User Management (Profile, Role & Permission) পরিবর্তনসমূহ তাৎক্ষণিকভাবে ব্যবহারকারী ও DDO Admin কে (ই-মেইল ও এসএমএস প্রেরণের মাধ্যমে) অবহিত করা হবে।

Part-2: User Credentials



নোট:

১. পদবির বিপরীতে User ID অপরির্তনীয়। কোন কর্মকর্তা একাধিক পদবি বিপরীতে অতিরিক্ত দায়িত্ব পালন করলে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক User ID ব্যবহার করতে হবে।

২. পদবির বিপরীতে Role Definition পরির্তনযোগ্য। প্রতিটি Role এর বিপরীতে এক সেট Role & Permission নির্ধারণ করা থাকে এবং Role নির্বাচনের মাধ্যমে Role & Permission এর সেট পরিবর্তন হয়। (Under Development)

৩. পদবির বিপরীতে Role Definition নির্বাচনের মাধ্যমে Role & Permission এর সেট পরিবর্তন হয়ে প্রযোজ্য Functional Area-এর প্রয়োজনীয় Permission-এর পাশে স্বয়ংক্রিয়ভাবে টিক (✓) চিহ্নযুক্ত হয়ে যাবে। (Under Development)

Part-3: Required Modules and Functional Areas

১. **User Management Approver** কোন ব্যবহারকারীর তথ্য অফিস প্রধান বা ডিডিও এর মাধ্যমে কেবলমাত্র অফিসিয়াল লিখিত অনুরোধ (অনলাইন/অফলাইন, ই-মেইল, হার্ডকপিপত্র, ইত্যাদি) প্রাপ্ত হলে প্রস্তাবিত ব্যবহারকারীর Functional Area-এর প্রয়োজনীয় Permission সংশোধন ও হালনাগাদ করতে পারবেন।

২. **বিশেষ সতর্কীকরণ নোট:**

১. পদবির বিপরীতে Role Definition নির্বাচনের মাধ্যমে Role & Permission এর সেট পরিবর্তন হলেও Approver তা পরিবর্তন করে প্রযোজ্য Functional Area-এর প্রয়োজনীয় Permission-এর পাশে ম্যানুয়ালি টিক (✓) চিহ্নযুক্ত করতে পারবেন।

২. এরপর Update বাটনে ক্লিক করলে নতুন Role & Permission কার্যকর হবে।

৩. নতুন Role & Permission দিয়ে কাজ করার জন্য সংশ্লিষ্ট ব্যবহারকারী login হয়ে থাকলে logout করে re-login করতে হবে।

৪. User Management এর দায়িত্ব পালনকারী কর্মকর্তাকে পরবর্তী অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুধাবনের পর User Management এর দায়িত্ব পালন করতে হবে। অন্যথায় সিস্টেম কাজ করবে না।

৩. **বিভিন্ন Module ও তাদের অন্তর্গত Functions এবং Permission ব্যবস্থাপনাঃ**

Inventory Control Module		
Functional Area-ও ব্যবহারকারী		
		
Depot Transaction (Initiator) (All Types of Issue/Receipt)	:	শুধুমাত্র ডিপোর SSAE-S-Ward, SSAE-S-CLS/SSAE-S-DE গণের জন্য প্রযোজ্য
Depot Transaction (Reviewer) (All Types of Issue/Receipt)	:	SSAE-S, Assisrant Depot officer , Senior Assistant Depot Officer
Depot Transaction (Approval) (All Types of Issue/Receipt)		শুধুমাত্র ডিপোর কর্মকর্তার জন্য প্রযোজ্য
Book Transfer	:	শুধুমাত্র ডিপো কর্মকর্তার জন্য প্রযোজ্য ।
VED Items (Entry)	:	শুধুমাত্র আইসিসি ও ডিডিও/ডিডিও এডমিনগণের জন্য প্রযোজ্য
Close Dues (View only)	:	SSAE-CLS/SSAE-DE, Depot Officer, PE Officer, ICC All Users
Close Dues (All Operations)	:	DIC
MTI Request Initiator		Any Permitted Users (DDO/PE User/Depot officers)
MTI Request Reviewer		Depot Officers/ADIC/DDIC
MTI Request Approver		DIC
Add/Edit BR Item	:	Non-Stock Approver
All Other's	:	ICC Users only as per LPO
বি:দ্র: Book Transfer একটি বিশেষ ডিপো ট্রানজেকশন। আর.নোটের ন্যায় সকল ইস্যু/রিসিট (Advice Note, BTR, DTR, Adjustment, Work Order for Shopmade/R&R Items etc.) অনলাইনে (Transaction Order) এপ্রুভাল সিস্টেমের মাধ্যমে সম্পাদনের জন্য সফটওয়্যার উন্নয়ন চলমান রয়েছে; বর্তমানে এটি শুধুমাত্র ডিপো কর্মকর্তার জন্য প্রযোজ্য । অন্য সকল পারমিশন শুধুমাত্র ICC Admin এর জন্য প্রযোজ্য হবে।		

User Management Module

Functional Area-ও ব্যবহারকারী



Designation (Add New Designation)	:	DIC, DDIC, ADIC
User Management (Request)	:	DIC , DDO-Admin
User Management(Approval)	:	DIC
User Request Approver	:	DIC
User Request Reviewer	:	DDO/DDO-Admin, Office Head

বি: দ্র: এই মডিউলটির অধিকতর উন্নয়নের কাজ চলমান রয়েছে।

Stocking Management Module
(BR Item Sanction)

Functional Area-ও ব্যবহারকারী



Item Stock Request Initiator	:	ভোক্তা বিভাগীয় End User
Item Stock Request Reviewer-1	:	DDO/5th grade or below Officer under the DDO
